**ওয়ালমার্টের বৈশ্বিক নীতিমালা**

বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলি

## সাধারণ প্রশ্নসমূহ:

আমাদের অংশীদারদের আস্থা অর্জন করা এবং আমাদের সততার সংস্কৃতি প্রবর্ধনের জন্য আমাদের ব্যবসায়িক সম্পর্কগুলোর মধ্যে বস্তুনিষ্ঠতা বজায় রাখা অপরিহার্য। যখন আমাদের ব্যবসায়িক সিদ্ধান্তগ্রহণ প্রভাবিত হতে পারে, অথবা ব্যক্তিগত লাভের সম্ভাবনা দ্বারা প্রভাবিত হয়েছে বলে মনে হতে পারে, তখন স্বার্থের সংঘাত দেখা দিতে পারে। এমনকি এটা ইচ্ছাকৃত না হলেও, সংঘাতের ধারণা প্রকৃতের সংঘাতের মতই আপনার সুনাম ও ওয়ালমার্টের সুনামকে সমানভাবে ক্ষতিগ্রস্ত করতে পারে।

### কোনগুলোকে নৈতিকতা সম্পর্কিত উদ্বেগ হিসেবে বিবেচনা করা হয়?

নৈতিকতা সম্পর্কিত উদ্বেগ হলো এমন কোনো আচরণ বা ব্যবসায়িক অনুশীলনের অভিযোগ যা নৈতিকতার এক বা একাধিক অংশের সাথে অসঙ্গতিপূর্ণ যেমন, চুরি, যৌন হয়রানি, বৈষম্য, বা অভ্যন্তরীণ বাণিজ্য। যদি আপনি কোনো নৈতিক উদ্বেগ সম্পর্কে সচেতন থাকেন বা সচেতন হয়ে ওঠেন, তাহলে অনুগ্রহ করে গ্লোবাল এথিকস-এর সাথে যোগাযোগ করুন যাতে আপনার উদ্বেগগুলো পর্যালোচনা ও যথাযথভাবে নিরসন করা যায়।

### আমি কিভাবে গ্লোবাল এথিকস-এর সাথে যোগাযোগ করতে পারি?

পরামর্শ চাওয়ার জন্য অথবা কোনো উদ্বেগ সম্পর্কে জানানোর জন্য আপনি নিচের চ্যানেলগুলোর মাধ্যমে গ্লোবাল এথিকস-এর সাথে যোগাযোগ করতে পারেন:

- Walmartethics.com
- গ্লোবাল এথিকস হেল্পলাইন (1-800-WM-ETHIC)
- আমাদেরকে ethics@walmart.com ঠিকানায় ইমেইল করুন
- আপনার এথিকস ম্যানেজারকে ফোন বা ইমেইল করুন

### কারা গ্লোবাল এথিকস-এর সাথে যোগাযোগ করতে পারে?

আমাদের সব অংশীদারদেরকে তাদের প্রশ্ন নিয়ে অথবা নৈতিকতা সম্পর্কে তাদের উদ্বেগগুলো নিয়ে গ্লোবাল এথিকস-এর সাথে যোগাযোগ করার জন্য আমরা উৎসাহিত করি। অংশীদারদের মধ্যে রয়েছে আমাদের সহযোগী, গ্রাহক, শেয়ারহোল্ডার, সরবরাহকারী, ও অন্যান্য কোম্পানি ও ব্যক্তিবর্গ যাদের সাথে আমরা ব্যবসা করে থাকি।

# ওয়ালমার্টের বৈশ্বিক নীতিমালা

বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলি

### গ্লোবাল এথিকস হেল্পলাইনে কারা ফোনকলের জবাব দিয়ে থাকে?

সারা বিশ্বের সহযোগীদের জন্য দিনে 24 ঘন্টা, সপ্তাহে সাত দিন গ্লোবাল এথিকস হেল্পলাইন চালু থাকে এবং অধিকাংশ স্থানীয় ভাষায় কথা বলার জন্য সেখানে ব্যবস্থা রয়েছে। হেল্পলাইনটি এমন একটি সংস্থা পরিচালনা করে থাকে যা ওয়ালমার্টের সাথে সম্পৃক্ত নয়, এবং যত বেশি ক্ষেত্রে সম্ভব (এবং স্থানীয় আইনের সাথে সঙ্গতিপূর্ণভাবে) ফোনকলকারীরা তাদের নাম বলতে হয় না। সব ক্ষেত্রেই, আইনের অধীনে যতটা সম্ভব পূর্ণাঙ্গভাবে সহযোগীদের গোপনীয়তাকে সম্মান জানানো হবে।

### আমার প্রশ্নের উত্তরগুলো আমি কীভাবে পাবো?

আমাদের অনুশীলন হলো এমনভাবে জবাব দেয়া যাতে রিপোর্ট প্রদানকারী সেটি পাওয়ার সম্ভাবনা সবচেয়ে বেশি থাকে। যেমন, রিপোর্ট প্রদানকারী কোনো ইমেইল ঠিকানা প্রদান করলে, আমরা ইমেইলের মাধ্যমে জবাব দেবো। তবে, যদি রিপোর্ট প্রদানকারী সম্পূর্ণভাবে বেনামী থাকতে চান এবং যোগাযোগের জন্য কোনো তথ্য প্রদান না করেন, তাহলে আপডেট বা ফলোআপ প্রশ্নের জন্য হেল্পলাইন/ওয়েবসাইটের সাথে যোগাযোগ করার জন্য তিনি হেল্পলাইন/ওয়েবসাইটের দেয়া একটি অনন্য PIN নম্বর ব্যবহার করতে পারেন।

### গ্লোবাল এথিকস-এর সাথে যোগাযোগ করাটা কি গোপনীয় ও বেনামী থাকবে?

হ্যাঁ, গ্লোবাল এথিকস-এর সাথে সকল যোগাযোগ গোপনীয়, এর অর্থ হলো ওয়ালমার্ট আপনার যোগাযোগের বিবরণ গোপন রাখবে। আপনার উদ্বেগ সম্পর্কে তদন্ত করার জন্য আপনার যোগাযোগ সম্পর্কিত তথ্য জানার-জন্য-প্রয়োজন এর ভিত্তিতে শেয়ার করা হবে। walmartethics.com এ গিয়ে ওয়েবে জমা দেয়ার ফরমগুলো ব্যবহার করে, গ্লোবাল এথিকস হেল্পলাইনে ফোন করে, অথবা গ্লোবাল এথিকসকে সরাসরি ই-মেইল করে বা গ্লোবাল এথিকস অফিসের কোনো সদস্যের সাথে যোগাযোগ করার মাধ্যমে গোপনীয়ভাবে যোগাযোগ করা যাবে।

বেনামী থাকার জন্য, অর্থাৎ আমাদের অফিস আপনার সম্পর্কে কোনো শনাক্তকারী তথ্য পাবে না, আপনি walmartethics.com এ গিয়ে ওয়েবে জমা দেয়ার ফরমগুলো ব্যবহার করে এবং বেনামী থাকার অপশন নির্বাচন করে অথবা হেল্পলাইনের নম্বরে ফোন করে এবং আপনি বেনামী থাকতে চান তা জানিয়ে উদ্বেগ সম্পর্কে তথ্য জমা দিতে পারেন। মনে রাখবেন, ই-মেইল করলে ও সরাসরি ফোন করলে আমাদের অফিস আপনার যোগাযোগের তথ্য দেখতে পারবে, সুতরাং আপনি বেনামী থাকতে চাইলে উপরে উল্লিখিত পদ্ধতিগুলো ব্যবহার করুন।

### আমি গ্লোবাল হেল্পলাইনে ফোন করলে কী ঘটবে?

একটি তৃতীয় পক্ষ ভেন্ডর গ্লোবাল এথিকস হেল্পলাইন পরিচালনা করে থাকে এবং এটি দিনে 24 ঘন্টা, সপ্তাহে সাত দিন চালু থাকে। আপনার প্রশ্ন বা উদ্বেগ সম্পর্কে কল সেন্টারের একজন এজেন্ট

## ওয়ালমার্টের বৈশ্বিক নীতিমালা
বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলি

আপনাকে বিস্তারিত বিবরণ জিজ্ঞেস করবেন এবং পর্যালোচনা ও ফলোআপের জন্য গ্লোবাল এথিকস-এর কাছে একটি বিস্তারিত রিপোর্ট জমা দেবেন। কলকারীদেরকে একটি অনন্য রিপোর্ট ও ব্যক্তিগত শনাক্তকরণ নম্বর (PIN) দেয়া হবে যেটি রিপোর্ট বা অনুসন্ধানের স্ট্যাটাস চেক করার জন্য ব্যবহার করা যাবে। হেল্পলাইন ব্যবহারের সময় আপনি বেনামী থাকতে চাইতে পারেন, কিন্তু আপনার রিপোর্ট নম্বর ও PIN একটি নিরাপদ জায়গায় সংরক্ষণ করা অত্যন্ত গুরুত্বপূর্ণ যাতে আপনার উদ্বেগ বা প্রশ্ন সম্পর্কে আপনি ফলোআপ করতে পারেন। আপনার প্রশ্ন বা উদ্বেগ সম্পর্কে আমাদের ফলোআপ প্রশ্ন থাকতে পারে, এবং আপনি আবার হেল্পলাইনে ফোন করে এবং বাড়তি বিবরণ প্রদানের মাধ্যমে তদন্তের সাথে সহযোগিতা করতে পারেন। আপনার সাড়া না পেলে, আপনার উদ্বেগ বা প্রশ্নের গোড়ায় যাওয়া আমাদের জন্য কঠিন হতে পারে।

আপনি বেনামী থাকতে চান বা না চান, আপনার উদ্বেগ যতটা সম্ভব গোপনীয় রাখা হবে। যেসব সহযোগী অসদাচরণ সম্পর্কে কোনো প্রশ্ন বা উদ্বেগ তুলে ধরেন তাদের বিরুদ্ধে প্রতিশোধ নেয়ার বিষয়টি সহ্য করা হবে না।

### আমি ওয়েবসাইটের মাধ্যমে কোনো উদ্বেগ সম্পর্কে রিপোর্ট করলে কী ঘটবে?

একটি তৃতীয় পক্ষ ভেন্ডর ওয়েবসাইটটি পরিচালনা করে থাকে। আপনি ফরমটি পূরণ করে জমা দেয়ার পর, আপনাকে একটি অনন্য রিপোর্ট নম্বর ও ব্যক্তিগত শনাক্তকরণ নম্বর (PIN) দেয়া হবে যেটি আপনার রিপোর্ট বা অনুসন্ধানের স্ট্যাটাস চেক করার জন্য ব্যবহার করা যাবে। ওয়েব ফরম ব্যবহারের সময় আপনি বেনামী থাকতে চাইতে পারেন, কিন্তু আপনার রিপোর্ট নম্বর ও PIN একটি নিরাপদ জায়গায় সংরক্ষণ করা অত্যন্ত গুরুত্বপূর্ণ যাতে আপনার উদ্বেগ বা প্রশ্ন সম্পর্কে আপনি ফলোআপ করতে পারেন। আপনার উদ্বেগ সম্পর্কে আমাদের ফলোআপ প্রশ্ন থাকতে পারে, এবং আপনি আবার ওয়েবে জমা দেয়ার ফরমে লগ-ইন করে এবং বাড়তি বিবরণ প্রদানের মাধ্যমে তদন্তের সাথে সহযোগিতা করতে পারেন। আপনার সাড়া না পেলে, আপনার উদ্বেগ বা প্রশ্নের গোড়ায় যাওয়া আমাদের জন্য কঠিন হতে পারে।

আপনি বেনামী থাকতে চান বা না চান, আপনার উদ্বেগ যতটা সম্ভব গোপনীয় রাখা হবে। যেসব সহযোগী অসদাচরণ সম্পর্কে কোনো প্রশ্ন বা উদ্বেগ তুলে ধরেন তাদের বিরুদ্ধে প্রতিশোধ নেয়ার বিষয়টি সহ্য করা হবে না।

# ওয়ালমার্টের বৈশ্বিক নীতিমালা

বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলি

### আমি নৈতিকতা সম্পর্কে কোনো প্রশ্ন জিজ্ঞেস করলে কী ঘটবে?

যদি আপনি গ্লোবাল হেল্পলাইন বা ওয়েবে জমা দেয়ার টুলের মাধ্যমে আপনার প্রশ্ন জমা দেন, তাহলে আপনার প্রশ্নের বিস্তারিত বিবরণের ডকুমেন্ট তৈরি করা হবে এবং গ্লোবাল এথিকস-এর কাছে পাঠানো হবে। অনুগ্রহ করে লক্ষ করুন যে, আপনার প্রশ্নের জবাব দিতে যথাযথ পক্ষের কয়েক দিন সময় লাগতে পারে। আপনার তাৎক্ষণিকভাবে জবাব পাওয়ার প্রয়োজন হলে, আপনার সুপারভাইজার, এইচআর, বা মার্কেট এথিকস অফিসের সাথে যোগাযোগ করা উচিত। গ্রাহকরা একজন স্টোর ম্যানেজারের সাথে যোগাযোগ করা উচিত।

### নৈতিকতা সম্পর্কে কোনো উদ্বেগ তুলে ধরা হলে কী ঘটবে?

রিপোর্টকৃত সব উদ্বেগ ওয়ালমার্ট গুরুত্বের সাথে গ্রহণ করে থাকে। উদ্বেগটি যেভাবেই রিপোর্ট করা হোক না কেন, এটি যতটা সম্ভব গোপনীয় রাখা হবে। প্রতিটি ক্ষেত্রে একজন স্বতন্ত্র ও নিরপেক্ষ বিষয়ভিত্তিক বিশেষজ্ঞ দ্বারা তদন্ত করানো হয়। আপনি আপনার পরিচয় শেয়ার করে থাকলে, তদন্তের সাথে সহায়তা করার জন্য তদন্তকারী আপনার সাথে যোগাযোগ করতে পারেন। প্রতিটি তদন্তের অখণ্ডতা রক্ষা করার জন্য ওয়ালমার্টের বাধ্যবাধকতা রয়েছে, এতে অন্তর্ভুক্ত রয়েছে রিপোর্টকারী ও সাক্ষীদেরকে হয়রানি, ভীতি প্রদর্শন ও প্রতিশোধ থেকে সুরক্ষিত রাখা। আপনি কোনো উদ্বেগ সম্পর্কে রিপোর্ট করে থাকলে, আপনাকে অবশ্যই গোপনীয়তা বজায় রাখতে হবে এবং আপনার রিপোর্ট বা তদন্ত প্রক্রিয়া সম্পর্কে অন্যদের সাথে আলোচনা করা যাবে না। আপনি যেকোনো তদন্তের সাথে সহযোগিতা করবেন বলে প্রত্যাশা করা হয় এবং আপনি আস্থাশীল থাকতে পারেন যে সরল বিশ্বাসে কোনো উদ্বেগ তুলে ধরার জন্য অথবা কোনো তদন্তের সাথে সহযোগিতা করার জন্য আপনি কোনো প্রতিশোধের সম্মুখীন হবেন না।

তদন্ত সম্পন্ন হওয়ার পরে, সবগুলো বিষয় বিস্তারিতভাবে তদন্ত করা হয়েছে তা নিশ্চিত হওয়ার জন্য রিপোর্টটি পর্যালোচনা করা হয়। যদি রিপোর্টের সত্যতা প্রমাণিত হয়, তাহলে ওয়ালমার্ট অবিলম্বে যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে। প্রয়োজন হলে কোনো সহযোগীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে, তবে অনেক ক্ষেত্রেই উন্নত প্রক্রিয়া বাস্তবায়ন কোনো সমস্যা সমাধানের জন্য যথেষ্ট হতে পারে। তদন্তের ফলাফল গোপনীয় রাখা হতে পারে, তবে কেসের স্ট্যাটাস রিপোর্টকারীকে জানানো হবে। হেল্পলাইনের মাধ্যমে বা ওয়েবে জমা দেয়ার মাধ্যমে বেনামে রিপোর্ট করা হলে, কেসের স্ট্যাটাস সম্পর্কে জানার জন্য রিপোর্টকারী ফোন করার জন্য বা ওয়েবে জমা দেয়ার টুলে আবার লগ-ইন করার জন্য তার রিপোর্ট নম্বর ও PIN ব্যবহার করতে পারেন। কর্মসংস্থান সংক্রান্ত প্রযোজ্য আইন অনুযায়ী ব্যক্তিগত ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত বিস্তারিত বিবরণ শেয়ার করা হয় না।

## ওয়ালমার্টের বৈশ্বিক নীতিমালা
বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলি

### গ্লোবাল এথিকস-এর কাছে কোন বিষয়গুলো সম্পর্কে রিপোর্ট করা উচিত?

তাৎক্ষণিকভাবে রিপোর্ট করা সংক্রান্ত শর্তাবলি:

সম্ভাব্য অসদাচরণ সংক্রান্ত যেকোনো উদ্বেগ বা নৈতিকতা সম্পর্কিত বিবৃতির সাথে অসঙ্গতিপূর্ণ আচরণ সম্পর্কে রিপোর্ট করা উচিত। 'আমাদেরকে জানান' অংশে তালিকাভুক্ত বিভিন্ন চ্যানেলের মাধ্যমে সহযোগীরা উদ্বেগ তুলে ধরতে পারেন। তবে, কিছু নির্দিষ্ট ধরনের অভিযোগ রয়েছে যেগুলো অবশ্যই তাৎক্ষণিকভাবে গ্লোবাল এথিকস-এর কাছে রিপোর্ট করতে হবে। এগুলো হলো:

- ঘুষের লেনদেন
- কর্মকর্তার অসদাচরণ
- $100,000USD এর চেয়ে বড় অঙ্কের প্রতারণা বা চুরি এবং কোনো সহযোগীর জড়িত থাকা
- ভুল রেকর্ড ও হিসাব
- তথ্য ব্যবস্থায় হ্যাকিং
- গ্লোবাল কর্পোরেট ব্র্যান্ডের সুনামের ঝুঁকি

### গ্লোবাল এথিকস-এর কাছে কোন বিষয়গুলো সম্পর্কে রিপোর্ট করা উচিত নয়

কিছু কিছু উদ্বেগের বিষয়ে আনুষ্ঠানিক তদন্ত করা অথবা গ্লোবাল এথিকস তত্ত্বাবধান করা আবশ্যক নয় এবং গ্লোবাল এথিকস থেকে ভিন্ন আরেকটি পক্ষ সেগুলো সবচেয়ে ভালোভাবে সামলাতে পারে। কিছু উদাহরণ হলো:

- কাজের সময়সূচি সম্পর্কে উদ্বেগ
- অভক্তি, সাধারণ রূঢ়তা বা অসম্মান সংক্রান্ত উদ্বেগ
- উপস্থিতির পয়েন্ট সংক্রান্ত উদ্বেগ
- বেনিফিট সংক্রান্ত প্রশ্ন
- পুনরায় নিয়োগের যোগ্যতা সংক্রান্ত প্রশ্ন

### ওয়ালমার্ট কেন গ্লোবাল এথিকস প্রতিষ্ঠা করেছে?

সারা বিশ্বজুড়ে আমাদের অংশীদারদের কাছে ওয়ালমার্টের নৈতিক সংস্কৃতি প্রবর্ধনের জন্য গ্লোবাল এথিকস প্রতিষ্ঠা করা হয়েছে। অংশীদারদের মধ্যে রয়েছে আমাদের সহযোগী, গ্রাহক, শেয়ারহোল্ডার, সরবরাহকারী, ও অন্যান্য কোম্পানি ও ব্যক্তিবর্গ যাদের সাথে আমরা ব্যবসা করে থাকি। নৈতিক সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে আমরা নির্দেশিকা ও তথ্য-উপকরণ হিসেবে কাজ করি।

Walmart

# ওয়ালমার্টের বৈশ্বিক নীতিমালা

বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলি

আমাদের নৈতিকতা সম্পর্কিত বিবৃতি লঙ্ঘনের জন্য আমরা একটি গোপনীয় রিপোর্টিং ব্যবস্থা পরিচালনা করি এবং এই সব লঙ্ঘনের তদন্তগুলো তত্ত্বাবধান করি। আমাদের নৈতিক সংস্কৃতি লালন ও বজায় রাখার লক্ষ্যে আমাদের সহযোগীদের জন্য আমাদের অফিস একটি অব্যাহত যোগাযোগ ও শিক্ষা কর্মসূচি পরিচালনা করে থাকে।

**গ্লোবাল এথিকস কি ওয়ালমার্টের দীর্ঘদিনের ওপেন ডোর পলিসিকে (উন্মুক্ত দ্বার নীতি) প্রতিস্থাপন করছে?**

না, আমাদের ওপেন ডোর পলিসি হলো যে কোনো সহযোগীর উদ্বেগ বা চিন্তার বিষয়গুলোকে সবচেয়ে সরাসরিভাবে তুলে ধরার উপায়। প্রশ্নের উত্তর দেয়া বা নৈতিকতার সন্দেহজনক লঙ্ঘন সম্পর্কে রিপোর্ট করার জন্য গ্লোবাল এথিকস একটি বিকল্প, গোপনীয় ব্যবস্থা প্রদান করে।

**ওপেন ডোর ইস্যু ও নৈতিক ইস্যুর মধ্যে পার্থক্য কী?**

নৈতিক ও নৈতিকতার সাথে সম্পর্ক নেই এমন উভয় ধরনের বিষয় তুলে ধরার জন্য ওপেন ডোর ব্যবহার করা যাবে। নৈতিকতার সাথে সম্পর্কিত বিষয়গুলো আমাদের নৈতিকতা সম্পর্কিত বিবৃতি-এর সাথে সম্পর্কযুক্ত।

**আমি আমার PIN হারিয়ে ফেললে আমার কি করা উচিত?**

আমাদের অফিসে রিপোর্ট করা তথ্যের গোপনীয়তা সুরক্ষিত রাখার জন্য, আপনি আপনার PIN হারিয়ে ফেললে আমরা আপনাকে আবার সেটি দিতে পারবো না। যদি আপনি আপনার PIN হারিয়ে ফেলেন, তাহলে অনুগ্রহ করে আপনার উদ্বেগটি আবার জমা দিন এবং মূল রিপোর্ট নম্বরটি উল্লেখ করুন যাতে আমরা আপনার মূল রিপোর্টটি খুঁজে বের করতে পারি। যদি আপনি আপনার মূল রিপোর্ট নম্বর হারিয়ে ফেলেন, তাহলে অনুগ্রহ করে সেই নম্বরটি ছাড়াই আপনার উদ্বেগটি আবার জমা দিন।

**আমি একজন শিক্ষার্থী, স্কুলের একটি রিপোর্টের জন্য আমি ওয়ালমার্টের গ্লোবাল এথিকস সম্পর্কে কিছু তথ্য খুঁজছি। আপনার অফিস সম্পর্কে এবং আপনি যে কাজ করেন সে সম্পর্কে কি কোনো তথ্য পাওয়া যাবে?**

গ্লোবাল এথিকস সম্পর্কে আপনি ওয়ালমার্টের 'বৈশ্বিক দায়-দায়িত্বের রিপোর্ট'-এ তথ্য পাবেন। ওয়ালমার্টের আচরণবিধি সম্পর্কে আমাদের নৈতিকতা সম্পর্কিত বিবৃতিতে তথ্য পাওয়া যাবে।

**গ্লোবাল এথিকস-এর কাছে উদ্বেগ সম্পর্কে রিপোর্ট করার কারণে আমার বিরুদ্ধে কি প্রতিশোধ নেয়া হবে?**

কোনো সহযোগী নৈতিকতার বিবৃতির জ্ঞাত বা সন্দেহজনক লঙ্ঘন সম্পর্কে সরল বিশ্বাসে রিপোর্ট করে থাকলে, তার বিরুদ্ধে প্রতিশোধ গ্রহণ করাকে একটি কোম্পানি হিসেবে ওয়ালমার্ট কঠোরভাবে নিষিদ্ধ করে। প্রতিশোধের বিভিন্ন ধরন রয়েছে, যেমন:

- কাউকে হুমকি দেয়া, তার বিরুদ্ধে বৈষম্য করা বা তাকে হয়রানি করা
- কাউকে অজনপ্রিয় কোনো কাজে নিযুক্ত করা অথবা অযৌক্তিকভাবে তার কাজের চাপ বাড়িয়ে দেয়া
- কাউকে বেনিফিট বা প্রশিক্ষণের সুযোগ দিতে অস্বীকার করা
- তথ্য দিতে অস্বীকার করা বা কাউকে মিটিং, ইভেন্ট বা আলোচনা থেকে বাইরে রাখা
- ভালোভাবে কাজ করার জন্য কাউকে স্বীকৃতি দিতে ব্যর্থ হওয়া
- একজন সহযোগী যাতে ব্যর্থ হয় সেজন্য অবাস্তব সময়সীমা নির্ধারণ করা

**আমার কি শুধু প্রকৃত অসদাচরণ সম্পর্কেই রিপোর্ট করা উচিত?**
না। সন্দেহজনক ও প্রকৃত অসদাচরণ সম্পর্কে রিপোর্ট করা উচিত।

**কোনো সহযোগীর তুলে ধরা বিষয় সম্পর্কে সংশোধনমূলক ব্যবস্থা নেয়া হয়েছে কিনা সে সম্পর্কে তাকে কি জানানো হবে?** সাধারণত, না। তদন্ত এবং এর ফলে গৃহীত সংশোধনমূলক ব্যবস্থা, যদি নেয়া হয়, সেগুলো গোপনীয়। যেহেতু এটি একটি গোপনীয় তথ্য, তাই কোনো সহযোগীর রিপোর্টের ফলে গ্রহণ করা হয়ে থাকতে পারে এমন শাস্তিমূলক বা সংশোধনমূলক ব্যবস্থার সুনির্দিষ্ট বিবরণ সেই সহযোগীকে প্রদান করা হবে না। কেসটি কখন বন্ধ হয়েছে সে সম্পর্কে তাকে জানানো হবে।

## স্বার্থের সংঘাত - সাধারণ প্রশ্নসমূহ:

**আমাদের একজন সরবরাহকারী ওয়ালমার্টের পক্ষে একটি স্থানীয় দাতব্য প্রতিষ্ঠানে দান করতে চান। এটা কি গ্রহণযোগ্য?**
সরবরাহকারীদের সাথে আমাদের ন্যায্য ও বস্তুনিষ্ঠ সম্পর্ক বজায় রাখার জন্য, আমরা আমাদের পক্ষে দান করার অনুমোদন দিই না এবং আমাদের সরবরাহকারীরা কোথায় দান করবেন তাকে প্রভাবিত করার জন্য আমরা ওয়ালমার্টে আমাদের অবস্থানকে ব্যবহার করি না।

**ওয়ালমার্ট ও আমাদের একজন সরবরাহকারী একসাথে একটি সংগঠনের পৃষ্ঠপোষকতা করেছে। তারা আমাকে চেকটি হস্তান্তর করতে বলেছে। আমি কি চেকটি হস্তান্তর করতে পারি?**
যদি ওয়ালমার্টও সেই দাতব্য প্রতিষ্ঠানে দান করে থাকে, তাহলে আপনি চেকটি হস্তান্তর করার জন্য উপযুক্ত ব্যক্তি হতে পারেন। দাতব্য প্রতিষ্ঠানটিতে চেকটি হস্তান্তর করার সময়, আপনাকে পরিষ্কারভাবে উল্লেখ করতে হবে যে চেকটি ওয়ালমার্ট ও সরবরাহকারী উভয়ের পক্ষ থেকে দেয়া হয়েছে।

## ওয়ালমার্টের বৈশ্বিক নীতিমালা
বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলি

**আমি সম্প্রতি একটি মেইল অর্ডার কসমেটিকস কোম্পানির স্বাধীন বিক্রয় প্রতিনিধি হিসেবে নিযুক্ত হয়েছি। আমি কি আমার সহকর্মীদেরকে আমার নতুন ব্যবসার মাধ্যমে তাদের কসমেটিকস সামগ্রী কেনার জন্য উদ্বুদ্ধ করতে পারি?**

সহযোগীরা কর্মস্থলে কোনো সাইড-বিজনেস এর জন্য সক্রিয় ও ব্যক্তিগতভাবে প্রচারণা চালানো পরিহার করা উচিত বা নতুন ব্যবসার জন্য সহকর্মীদেরকে অনুরোধ করার বিষয়টি এড়িয়ে চলা উচিত। এর মধ্যে রয়েছে কাজের জায়গায় প্রাত্যহিক কথোপকথনের সময় সহকর্মীদের কাছে পণ্য ও সেবা বিক্রির চেষ্টা করা। কোনো ব্যক্তিগত ব্যবসার প্রচারণা চালানোটা স্বার্থের সংঘাত হিসেবে বিবেচনা করা হতে পারে কারণ সেই সহযোগী ব্যক্তিগত লাভের জন্য তার পদবি ব্যবহার করতে পারেন।

**আমার সরবরাহকারীর সাথে দেখা করতে যাওয়ার সময়, সরবরাহকারী কি আমার জন্য পরিবহন সুবিধা দিতে পারে?**

কিছু কিছু ক্ষেত্রে ব্যবসা করার সময় সহযোগীরা একজন সরবরাহকারীর সাথে একসাথে ভ্রমণ করাটা ব্যয়-সাশ্রয়ী ও টেকসই হতে পারে। যদি সরবরাহকারীর সাথে ভ্রমণ করাটা অপরিহার্য হয়, তাহলে ভ্রমণ ব্যয়ের আপনার অংশ আপনার বহন করা উচিত (যেমন, ট্যাক্সি ভাড়ার অর্ধেক, গ্যাসের খরচের অর্ধেক, ইত্যাদি।) যদি এই ধরনের পরিস্থিতি দেখা দেয়, তাহলে স্বচ্ছতা বজায় রাখবেন এবং আপনার ম্যানেজারকে জানাবেন। সেইসাথে আপনার অপব্যয় পরিহার করা উচিত। আপনি যদি অর্ধেক খরচও দেন, তারপরেও লিমোজিন বা অনুরূপ বিলাসবহুল ব্যবস্থায় যাতায়াত করাটা আমাদের প্রতিদিন কম খরচ (Every Day Low Costs) এর মূল্যবোধের সাথে সঙ্গতিপূর্ণ নয়।

**ওয়ালমার্টের একজন সাবেক সহযোগী ছয় মাসের কম সময় আগে ওয়ালমার্ট ছেড়ে চলে গেছেন এবং এখন আমার সরবরাহকারীর জন্য কাজ করেন। ওয়ালমার্টের একজন সরবরাহকারী হিসেবে প্রাক্তন সহযোগীর সাথে কাজ করার অনুমতি কি আমার আছে?**

সংঘাত থাকতে পারে যদি, ওয়ালমার্ট ছেড়ে যাওয়ার এক বছরের মধ্যে, সেই সাবেক সহযোগী এমন একটি বিভাগের সাথে যোগাযোগ করেন যেখানে ওয়ালমার্টে থাকার সময় তিনি কাজ করেছিলেন বা যেখানে তার প্রভাব ছিল। উদাহরণস্বরূপ, স্যাম'স ক্লাব খেলনা বিপণনকারী দলের একজন সদস্যকে তিন বছরের জন্য স্যাম'স ক্লাব খেলনা বিপণনকারী একজন সহযোগীর সাথে ব্যবসা করার অনুমতি দেয়া হবে না। যদি এই সাবেক সহযোগী এমন একটি বিভাগের সাথে যোগাযোগ করেন যেখানে তিনি কাজ করেননি বা যেখানে তার কোনো প্রভাব ছিল না, তাহলে এই নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। দ্রষ্টব্য: ওয়ালমার্ট একজন প্রাক্তন কর্মকর্তার সাথে এক বছর ধরে ব্যবসা করবে না, ওয়ালমার্টে থাকার সময় তিনি যে জায়গাতেই কাজ করেন না কেন অথবা যেখানেই তার প্রভাব থাকুক না কেন। জ্যেষ্ঠ ব্যবসায়িক নেতৃত্বের সাথে অংশীদারিত্বের ভিত্তিতে গ্লোবাল এথিকস একটি ভিন্ন সময় নির্ধারণ করতে পারে যা পরিস্থিতি অনুযায়ী যুক্তিসঙ্গত হবে।

# ওয়ালমার্টের বৈশ্বিক নীতিমালা

বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলি

**ওয়ালমার্টের পক্ষে একটি সরবরাহকারীর উপদেষ্টা পরিষদে অংশ নেয়ার জন্য সম্প্রতি আমাকে বলা হয়েছে। অংশ নেয়াটা কি স্বার্থের সংঘাত হবে?**

ওয়ালমার্টের পক্ষে সরবরাহকারীর উপদেষ্টা পরিষদে অংশ নেয়ার সময়, সম্ভাব্য স্বার্থের সংঘাত, গোপনীয় ও একান্ত ব্যবসায়িক তথ্য ভাগাভাগি করা এড়ানোর ক্ষেত্রে আপনার বাধ্যবাধকতা, এবং আপনি প্রতিদ্বন্দ্বিদের সাথে থাকার সময় অ্যান্টিট্রাস্ট সম্পর্কিত যে সব বিষয়গুলো উঠে আসতে পারে সেগুলো সম্পর্কে সচেতন থাকবেন। স্বজনপ্রীতির ধারণা এড়ানোর জন্য, যে কোনো উপদেষ্টা পরিষদে অংশ নেয়ার সিদ্ধান্ত অবশ্যই আপনার নির্বাহী পরিষদের সদস্য দ্বারা অনুমোদিত হতে হবে।

## স্বার্থের সংঘাত – আর্থিক স্বার্থ:

আমাদের আর্থিক স্বার্থের সংঘাত এড়িয়ে চলা উচিত এবং বস্তুনিষ্ঠ মানদণ্ডের ভিত্তিতে ব্যবসায়িক সিদ্ধান্ত নেয়া উচিত। যখন ব্যক্তিগত লাভের সম্ভাবনা দ্বারা আপনার ব্যবসায়িক সিদ্ধান্তগ্রহণ প্রভাবিত হতে পারে, অথবা প্রভাবিত হয়েছে বলে মনে হতে পারে, এমন ক্ষেত্রে আর্থিক স্বার্থের সংঘাত দেখা দিতে পারে। এই কারণে কোনো প্রতিযোগীর $50,000 ডলারের বেশি বাজার মূল্যের শেয়ারের প্রত্যক্ষ মালিকানা থাকলে অথবা ওয়ালমার্টের একজন সরবরাহকারীর সাথে যে কোনো অংকের প্রত্যক্ষ আর্থিক বিনিয়োগ থাকলে এবং তার উপর আপনার প্রত্যক্ষ বা পরোক্ষ প্রভাব থাকলে সে সম্পর্কে গ্লোবাল এথিকসকে লিখিতভাবে জানাতে হবে।

**কেউ আমাকে বলেছে যে আমি সরবরাহকারীর স্টকের মালিক হতে পারবো না। এটা কি ঠিক?**

হয়তো। এখানে বিধিনিষেধ হলো এই যে, এমন কোনো সরবরাহকারীর সাথে আপনার সরাসরি আর্থিক স্বার্থ থাকতে পারবে না যার ব্যবসায় ওয়ালমার্টে আপনার পদের কারণে আপনার প্রত্যক্ষ বা পরোক্ষ প্রভাব রয়েছে।

আপনি যেসব সরবরাহকারীর ব্যবসাকে প্রভাবিত করেন না তাদের সাথে আপনার আর্থিক স্বার্থ থাকার বিষয়ে কোনো বিধিনিষেধ নেই।

**আমি সম্প্রতি ওয়ালমার্টে যোগ দিয়েছি এবং একটি প্রধান প্রতিযোগীর $50,000 ডলারেরও বেশি স্টকের মালিক আমি। আমাকে কি সেই শেয়ার বিক্রি করে দিতে হবে?**

ওয়ালমার্টের একজন সহযোগী হিসেবে, আপনার দায়িত্ব হলো আপনার আর্থিক কর্মকাণ্ডগুলো যাতে আপনার চাকরির দায়-দায়িত্বের সাথে সংঘাতপূর্ণ না হয় তা নিশ্চিত করা। কোনো প্রতিযোগীর স্টকে আপনার উল্লেখযোগ্য পরিমাণে বিনিয়োগ থাকলে স্বার্থের সংঘাত থাকবে। যদি কোনো প্রতিযোগীর $50,000 ডলারের বেশি মূল্যের শেয়ারের মালিকানা আপনার থাকে, অথবা তা আপনার মোট সম্পদের 1% এর বেশি হয়, তাহলে শেয়ারের মালিকানা সম্পর্কিত তথ্য আপনার ম্যানেজার ও গ্লোবাল এথিকসের কাছে আপনার প্রকাশ করা উচিত। গ্লোবাল এথিকস আপনার পরিস্থিতি পর্যালোচনা করবে এবং আপনার শেয়ারের মালিকানা নিয়ে কী করতে হবে সে সম্পর্কে আপনাকে আরো নির্দেশনা দেবে।

## ওয়ালমার্টের বৈশ্বিক নীতিমালা
বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলি

**একটি মিউচুয়াল ফাণ্ডে আমার $50,000 ডলারেরও বেশি বিনিয়োগ আছে যে ফাণ্ডের পোর্টফোলিওতে অন্যান্য খুচরা বিক্রেতারাও আছে। আমাকে কি এই বিনিয়োগের বিষয়টি সম্পর্কে জানাতে হবে?**
যখন ব্যক্তিগত লাভের সম্ভাবনার দ্বারা আপনার সিদ্ধান্তগ্রহণ প্রভাবিত হতে পারে, অথবা প্রভাবিত হয়েছে বলে মনে হতে পারে, এমন ক্ষেত্রে আর্থিক স্বার্থের সংঘাত দেখা দিতে পারে। যখন আপনি একটি মিউচুয়াল ফান্ডে বিনিয়োগ করেন, সেই ফান্ডের বিনিয়োগ কৌশলের উপর আপনার কোনো প্রত্যক্ষ নিয়ন্ত্রণ থাকে না; সুতরাং, এই ক্ষেত্রে, প্রকাশ করার প্রয়োজন নেই।

## স্বার্থের সংঘাত - উপহার ও বিনোদন:

**আমাদের মার্কেট ইলেক্ট্রনিক্স টিম একটি প্রশিক্ষণ সেশনে অংশ নিচ্ছে যা একজন সরবরাহকারী আয়োজন করেছে, টিমের উদ্দেশ্য হলো একটি নতুন আইটেম সম্পর্কে শেখা যেটি সরবরাহকারী চালু করছে। সরবরাহকারী বলেছে যে প্রশিক্ষণে অংশ নেয়ার জন্য আমরা প্রত্যেকে একটি করে ফ্রি টি-শার্ট পাবো। আমরা কি এই ফ্রি টি-শার্ট নিতে পারি?**
যেহেতু এই টি-শার্ট সরবরাহকারীর কাছ থেকে আসছে এবং এটি সেই পণ্যের সাথে বা সেই পণ্য সম্পর্কে বোঝার সাথে সংশ্লিষ্ট নয়, তাই এই টি-শার্ট গ্রহণ করাটা টিমের উচিত হবে না। বিনয়ের সাথে টি-শার্টগুলো প্রত্যাখ্যান করুন এবং আমাদের উপহার ও বিনোদন সংক্রান্ত মানদণ্ড সম্পর্কে সরবরাহকারীকে ব্যাখ্যা করুন।

**আমার মার্কেটে, সরবরাহকারীর অফিসে ব্যবসায়িক মিটিংয়ের সময় সরবরাহকারীরা পানীয়, যেমন কফি, চা বা কোমল পানীয়, এবং অন্যান্য ছোটখাট নাস্তা পরিবেশন করাটা একটা সাংস্কৃতিক রীতি। আমি কি এসব নাস্তা গ্রহণ করতে পারি?**
আপনি প্রথাগত নাস্তা যেমন কফি, কোমল পানীয় বা ছোটখাট স্ন্যাক্স গ্রহণ করতে পারেন। তবে, আপনি এমন কোনো খাবার ও পানীয় গ্রহণ করা উচিত নয় যা একবেলার আহার হিসেবে বিবেচিত হতে পারে।

**আমার একজন বন্ধু ওয়ালমার্টের একজন সরবরাহকারীর জন্য কাজ করে। এই সরবরাহকারীর সাথে আমার কোনো ব্যবসায়িক সম্পর্ক নেই, এবং তিনি আমাকে বড়দিন উপলক্ষে একটি উপহার দিতে চান। আমার কি এই উপহার নেয়া উচিত হবে?** অনেক সহযোগীর বন্ধু-বান্ধব ও প্রতিবেশীরা ওয়ালমার্টের সরবরাহকারী যাদের সাথে সহযোগীর কোনো ব্যবসায়িক সম্পর্ক নেই। এসব ক্ষেত্রে, বড়দিন, জন্মদিন, বেবি শাওয়ার, ইত্যাদি উপলক্ষে বন্ধু-বান্ধব ও প্রতিবেশিদের সাথে প্রথাগত উপহার বিনিময় করাটা আমাদের বস্তুনিষ্ঠতা ও প্রতিদিন কম খরচ (Every Day Low Cost, EDLC) এর মূল্যবোধের সাথে অযথার্থ হয় না বা সংঘাত সৃষ্টি করে না। এই সব ক্ষেত্রে সাধারণ বিবেচনাবোধ ব্যবহার করা উচিত।

## ওয়ালমার্টের বৈশ্বিক নীতিমালা

বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলি

ভালো বিবেচনাবোধ ব্যবহার করুন এবং নিজেকে নিচের প্রশ্নগুলো জিজ্ঞেস করুন:

- আমি ওয়ালমার্টে কাজ করার কারণেই কি আমাকে এই উপহার দেয়ার প্রস্তাব দেয়া হয়েছে?
- এই উপহার গ্রহণ করলে তা কি দেখতে অযথার্থ হবে?

যদি এই প্রশ্নগুলোর কোনোটির উত্তর 'হ্যাঁ' বা 'হয়তো' হয়, তাহলে আপনার সেই উপহারটি প্রত্যাখ্যান করা উচিত।

**আমার একজন সরবরাহকারী একটি আসন্ন ক্রীড়া অনুষ্ঠানের জন্য আমাকে দু'টি টিকিট দেয়ার প্রস্তাব দিয়েছেন। আমার কি এই টিকিটগুলো নেয়া উচিত হবে? আমি কি এই টিকিটগুলো কিনে নেয়ার প্রস্তাব দেয়া উচিত হবে?**

আপনি আপনার সব সরবরাহকারীর সাথে নিরপেক্ষ আচরণ করছেন এবং বস্তুনিষ্ঠভাবে ব্যবসায়িক সিদ্ধান্তগুলো গ্রহণ করছেন তা নিশ্চিত করার জন্য, আপনার ফ্রি টিকিট গ্রহণ করা অথবা আপনার সরবরাহকারীদের কাছ থেকে টিকিট কেনা উচিত নয়।

আপনার সরবরাহকারীর কাছ থেকে ফ্রি টিকিট গ্রহণ করাটা উপহার হিসেবে বিবেচনা করা হবে। যদি আপনি টিকিটের গায়ে উল্লিখিত দামে টিকিটগুলো কিনেন, তাহলে আপনি হয়তো টিকিটগুলোর জন্য প্রকৃত বাজারদর দিচ্ছেন না। টিকিটের গায়ে উল্লিখিত দাম ও প্রকৃত বাজারদরের মধ্যকার পার্থক্যকেও উপহার হিসেবে বিবেচনা করা হবে।

এমনকি আপনি টিকিটগুলোর জন্য প্রকৃত বাজারদর দিলেও, আপনি আপনার সরবরাহকারীর সাথে ব্যবসায়িক সম্পর্কের কারণেই টিকিটগুলো কিনতে পারছেন; সুতরাং, আপনার সরবরাহকারীর কাছ থেকে টিকিটগুলো কেনা গ্রহণযোগ্য হবে না।

**আমি সরবরাহকারীর উপদেষ্টা পরিষদে কাজ করি এবং উপদেষ্টা পরিষদের একটি কর্মসূচিতে অংশ নেবো। এই কর্মসূচিতে অংশ নেয়ার খরচ কি আমার দেয়া উচিত হবে?**

উপদেষ্টা পরিষদের কর্মসূচিতে অংশ নেয়ার সময়, সেই কর্মসূচিতে অংশ নেয়ার সাথে সংশ্লিষ্ট সব খরচ আপনার দেয়া উচিত। যে সরবরাহকারীর উপর আপনার প্রভাব আছে তার কাছ থেকে একটি কর্মসূচির খরচ নেয়ার প্রস্তাব গ্রহণ করাটা উপহার হিসেবে বিবেচিত হবে।

আপনি কিছু নির্দিষ্ট উপদেষ্টা পরিষদে অংশ নেয়ার আহ্বান প্রত্যাখ্যান করলে এবং/অথবা আপনি যে সরবরাহকারীর উপদেষ্টা পরিষদে অংশ নেন তার সাথে ব্যবসা সম্প্রসারিত করলে বস্তুনিষ্ঠতা ও স্বজনপ্রীতি সম্পর্কে উদ্বেগ দেখা দিতে পারে। স্বজনপ্রীতির ধারণা এড়ানোর জন্য, যে কোনো উপদেষ্টা পরিষদে অংশ নেয়ার সিদ্ধান্ত অবশ্যই আপনার নির্বাহী পরিষদের সদস্য দ্বারা অনুমোদিত হতে হবে।

## ওয়ালমার্টের বৈশ্বিক নীতিমালা

বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলি

### স্বার্থের সংঘাত – বাইরের চাকরি:

সহযোগীরা চাকরি বা বাইরের স্বার্থ এড়িয়ে চলা উচিত যা স্বার্থের সংঘাত তৈরি করতে পারে, বা তৈরি করছে বলে মনে হতে পারে। আমাদের সিদ্ধান্তগ্রহণে নিরপেক্ষ ও বস্তুনিষ্ঠ থাকার জন্য আমরা এমন বাইরের স্বার্থ এড়িয়ে চলি যা স্বার্থের সংঘাত তৈরি করতে পারে। সম্ভাব্য সংঘাতগুলো আপনার ব্যবস্থাপনা টিম পর্যালোচনা করা উচিত।

**আমি কি কোনো প্রতিযোগীর জন্য কাজ করতে পারি?**

ব্যবস্থাপনা সহযোগীরা কোনো প্রতিযোগীর জন্য কাজ করতে পারেন না। ঘন্টা হিসেবে কাজ করেন এমন সহযোগীদেরর ক্ষেত্রে, সব প্রতিযোগীর সাথে বাইরের চাকরি করাকে সুনির্দিষ্টভাবে নিষেধ করা হয় না; তবে, সম্ভাব্য স্বার্থের সংঘাত সম্পর্কে তাদের সতর্ক থাকা উচিত। স্বার্থের সংঘাত থাকতে পারে যদি প্রতিযোগীর জন্য সহযোগীর পদ ও কাজের দায়িত্ব ওয়ালমার্টে সহযোগীর পদ ও কাজের দায়িত্বের অনুরূপ হয়। আপনি যে নির্দিষ্ট চাকরি করতে যাচ্ছেন তা ওয়ালমার্টে আপনার পদের সাথে স্বার্থের সংঘাত তৈরি করবে কিনা তা নির্ধারণের জন্য আপনি আপনার ব্যবস্থাপনা দলের সাথে যাচাই করে নেয়া উচিত। তারপরেও আপনি ওয়ালমার্টের নীতিমালা ও প্রক্রিয়াগুলো মেনে চলবেন বলে আশা করা হয়, এর মধ্যে রয়েছে প্রতিযোগীদের কাছ থেকে আমাদের স্বত্বাধিকারী তথ্যগুলোকে সুরক্ষাকারী নীতিমালা ও প্রক্রিয়াসমূহ।

যদি কখনো আপনি ওয়ালমার্টে বা বাইরের নিয়োগকারীর কাছে আপনার পদ পরিবর্তন করেন, তাহলে আপনি আপনার ব্যবস্থাপনা দলের সাথে কথা বলতে হবে যাতে নিশ্চিত করা যায় যে আপনার নতুন পদ স্বার্থের সংঘাত তৈরি করছে না।

**আমি কি একটা সাইড বিজনেস করতে পারি?**

আপনি একটা সাইড বিজনেস পরিচালনা করতে পারেন যদি:

তা ওয়ালমার্টে আপনার কাজের সাথে স্বার্থের সংঘাত তৈরি না করে। উদাহরণস্বরূপ, আপনার ব্যবসা ওয়ালমার্টে আপনার দায়-দায়িত্ব পালনে বাধার সৃষ্টি করতে পারবে না, কোম্পানির সম্পদ ব্যবহার করতে পারবে না, ওয়ালমার্টের সাথে প্রতিযোগিতা করতে পারবে না অথবা ওয়ালমার্টের উপর নেতিবাচক প্রভাব ফেলতে পারবে না।
এটি ওয়ালমার্টে কোনো পণ্য সরবরাহ না করে।

এটি ওয়ালমার্টের এমন কোনো বিদ্যমান বা সম্ভাব্য সরবরাহকারীর কাছে পণ্য সরবরাহ না করে যার সাথে আপনার ব্যবসায়িক সম্পর্ক আছে অথবা যার উপর আপনার প্রত্যক্ষ বা পরোক্ষ প্রভাব আছে।

## ওয়ালমার্টের বৈশ্বিক নীতিমালা

বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলি

**আমি কি কোনো সরবরাহকারী ও ওয়ালমার্টের জন্য কাজ করতে পারি?**

যখন কোনো সরবরাহকারীর পণ্যের উপর আপনার প্রভাব থাকবে, তখন আপনি তাদের পণ্য সম্পর্কে বস্তুনিষ্ঠ সিদ্ধান্ত গ্রহণ করা গুরুত্বপূর্ণ। যদি সরবরাহকারীর সাথে ব্যবসায়িক সম্পর্ক থাকে অথবা সরবরাহকারীর উপর তাদের প্রত্যক্ষ বা পরোক্ষ প্রভাব থাকে তাহলে সহযোগীরা সেই সরবরাহকারীর জন্য কাজ করতে পারবেন না।

সেইসাথে, যদি কোনো স্টোর বা ক্লাবের ঘন্টা হিসেবে কর্মরত সহযোগী কোনো সরবরাহকারীর জন্যেও কাজ করেন, তাহলে সেই সহযোগী সেই সরবরাহকারীর পক্ষে তার সেবা দিতে পারবেন না।

যদি কখনো আপনি ওয়ালমার্টে আপনার পদ পরিবর্তন করেন যার ফলে সরবরাহকারীর পণ্যের উপর আপনার প্রভাব তৈরি হয়, তাহলে স্বার্থের সংঘাত দূর করার জন্য আপনি তা আপনার ব্যবস্থাপনা দলের কাছে প্রকাশ করতে হবে এবং সংঘাত নিরসনের জন্য তাদের সাথে কাজ করতে হবে।

### স্বার্থের সংঘাত - সহযোগীর সাথে সম্পর্ক:

আমরা সবাই আস্থা ও সম্মানের একটি পরিবেশ তৈরি করার জন্য দায়বদ্ধ যা একটি উৎপাদনশীল কাজের পরিবেশকে প্রবর্ধন করে। সহযোগীরা কার্যকরভাবে কাজ করতে পারছেন এবং তাদের পূর্ণাঙ্গ সম্ভাবনা অর্জন করতে পারছেন তা নিশ্চিত করার জন্য, আমাদের স্বার্থের সংঘাত এড়িয়ে চলা উচিত। এর মধ্যে রয়েছে এমন কাউকে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে তত্বাবধান করা যার সাথে আপনার পারিবারিক, রোমান্টিক বা ডেটিংয়ের সম্পর্ক আছে।

**আমি একজন সহযোগীকে সুপারভাইজ করি যিনি সাইডে অড জব করেন। আমি সেই সহযোগীকে আমার বাড়িতে কিছু কাজ করার জন্য নিয়োগ করতে চাই। এটা কি ঠিক হবে?**

সরাসরি রিপোর্ট গ্রহণকারী একজন ম্যানেজার হিসেবে, আপনার সহযোগীর কাজ সম্পর্কে আপনার বস্তুনিষ্ঠ থাকা গুরুত্বপূর্ণ। এই পরিস্থিতিতে একজন ম্যানেজারের সম্ভাব্য সবগুলো বিষয় সম্পর্কে চিন্তা করা ও ভালো বিবেচনাশক্তি ব্যবহার করা উচিত। এই বিশেষ পরিস্থিতি একটি প্রকৃত বা অনুভূত সম্ভাব্য স্বার্থের সংঘাত তৈরি করতে পারে কারণ বাড়িতে আপনার জন্য করা কাজ আপনি কর্মক্ষেত্রের প্রত্যক্ষ রিপোর্টকে কিভাবে দেখবেন তাকে প্রভাবিত করতে পারে। আপনি সুপারভাইজ করেন এমন কাউকে আপনার বাড়িতে কাজ করার জন্য আপনি নিয়োগ করলে, কর্মক্ষেত্র ও ব্যক্তিগত জীবনের মধ্যকার সীমারেখা অস্পষ্ট হয়ে উঠতে পারে এবং তা নিয়ন্ত্রণ করা কঠিন হয়ে পড়তে পারে।

উদাহরণস্বরূপ, যদি কাজের ফলাফলে আপনি সন্তুষ্ট না হন, তাহলে তা সেই সহযোগী সম্পর্কে আপনার ধারণাকে প্রভাবিত করতে পারে। এছাড়াও অন্যদের কাছে মনে হতে পারে যে আপনি কর্মক্ষেত্রে এই সহযোগীর কর্মদক্ষতার প্রতি বেশি কোমল, যেহেতু তিনি আপনার জন্য আপনার বাড়িতে কাজ করেন।
সবশেষে, একই কারণে কোনো সহযোগী তার ম্যানেজারের ব্যক্তিগত কাজ নাও করতে চাইতে পারে, কিন্তু তা করতে নিজেকে বাধ্য বলে মনে করতে পারে।

**আমার সুপারভাইজ করা সহযোগীদের সাথে সামাজিক যোগাযোগের সাইটগুলোতে আমার কি বন্ধু হওয়া উচিত হবে?**
অন্য সহযোগীদের সাথে সামাজিক যোগাযোগের ওয়েবসাইটগুলোতে আপনার সংশ্লিষ্টতার ক্ষেত্রে আপনার ভালো বিবেচনাবোধ ব্যবহার করা উচিত। আপনার সুপারভাইজ করা সহযোগীদের সাথে সামাজিক যোগাযোগের সাইটগুলোতে আপনার সম্পৃক্ত হওয়ার ফলে কর্মক্ষেত্র ও ব্যক্তিগত জীবনের মধ্যকার সীমারেখা অস্পষ্ট হয়ে উঠতে পারে এবং তা প্রকৃত বা অনুভূত সম্ভাব্য স্বার্থের সংঘাত তৈরি করতে পারে। এর ফলে কর্মক্ষেত্রে নিরপেক্ষ ও বস্তুনিষ্ঠ সিদ্ধান্ত গ্রহণ করাটা কঠিন হয়ে পড়তে পারে। যেকোনো মিথস্ক্রিয়া ওয়ালমার্টের সামাজিক যোগাযোগ মাধ্যমের নীতিমালার সাথে সঙ্গতিপূর্ণ হওয়া উচিত।

## স্বার্থের সংঘাত - সরবরাহকারীর সাথে সম্পর্ক:

**আমি ওয়ালমার্টের একজন সরবরাহকারীর সাথে ডেটিং করতে আগ্রহী যিনি আমার সরবরাহকারী নন। সেই সরবরাহকারীর সাথে ডেটিং করাটা কি স্বার্থের সংঘাত হবে?**
যতক্ষণ পর্যন্ত সরবরাহকারী আপনার সাথে ব্যবসায়িক লেনদেন না করবেন এবং ওয়ালমার্টের সাথে সরবরাহকারীর ব্যবসায়িক সম্পর্কের উপর আপনার কোনো প্রভাব না থাকবে, ততক্ষণ পর্যন্ত সেখানে স্বার্থের সংঘাত থাকবে না। যদি সরবরাহকারী আপনার কর্মস্থলের সাথে কাজ করতে শুরু করেন, তাহলে আপনার উচিত হবে আপনার ব্যবস্থাপনা দলের কাছে আপনাদের সম্পর্কের বিষয়টি জানানো এবং স্বার্থের সংঘাত নিরসন করার জন্য তাদের সাথে কাজ করা।

**কোনো সরবরাহকারী বা সম্ভাব্য সরবরাহকারীর সাথে লাঞ্চ মিটিং করা সম্পর্কে ওয়ালমার্টের কি কোনো নির্দেশনা আছে?**
যদি সরবরাহকারী বা সম্ভাব্য সরবরাহকারীর সাথে মিটিং করার বৈধ ব্যবসায়িক প্রয়োজনীয়তা থাকে, তাহলে আপনি তাদের সাথে লাঞ্চ বা ডিনার মিটিংয়ে যোগ দিতে পারবেন যদি আপনি আপনার নিজের খাবার ও পানীয়ের জন্য খরচ দেন। এটা মনে রাখা গুরুত্বপূর্ণ যে আপনি প্রত্যেক সরবরাহকারীর সাথে নিরপেক্ষভাবে আচরণ করা উচিত। যদি আপনি কোনো সরবরাহকারী বা সম্ভাব্য সরবরাহকারীর সাথে লাঞ্চ বা ডিনারে মিলিত হন, তাহলে অন্যান্য সরবরাহকারী বা সম্ভাব্য সরবরাহকারীদের সাথেও লাঞ্চ বা ডিনারে মিলিত হওয়ার ক্ষেত্রে আপনার উদার হওয়া উচিত।

## **ওয়ালমার্টের বৈশ্বিক নীতিমালা**

বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলি

**আমার বন্ধু একজন সরবরাহকারীর জন্য কাজ করছে যিনি একটি চ্যারিটি গলফ টুর্ণামেন্টের পৃষ্ঠপোষকতা করছেন। সরবরাহকারীর একটি দলে একটি জায়গা খালি আছে এবং আমার বন্ধু আমাকে সেই জায়গাটি পূরণ করতে বলেছে। ওয়ালমার্টে আমার কাজের সাথে সেই সরবরাহকারীর কোনো লেনদেন নেই। আমার কি সরবরাহকারীর দলে খেলাটা ঠিক হবে? সরবরাহকারী কি আমার এন্ট্রি ফি দিয়ে দিতে পারেন?**

ওয়ালমার্টের একজন সহযোগী হিসেবে, আপনার সরবরাহকারীদের সাথে আপনার ব্যবসায়িক সম্পর্ক বস্তুনিষ্ঠ ও ন্যায্য শর্তাবলির ভিত্তিতে হওয়া উচিত। বস্তুনিষ্ঠ ও নিরপেক্ষ থাকার জন্য, আপনার সরবরাহকারীদের সাথে সামাজিক যোগাযোগ এড়িয়ে চলাই সবচেয়ে ভালো। এইক্ষেত্রে যেহেতু কোনো ব্যবসায়িক সম্পর্ক নেই, তাই সরবরাহকারীর দলে আপনার খেলার সাথে প্রত্যক্ষভাবে স্বার্থের সংঘাত নেই এবং আপনার বন্ধুর কোম্পানি আপনার ফি দিয়ে দিতে পারে যদি সত্যিই সেখানে ব্যক্তিগত সম্পর্ক থাকে।